দীর্ঘ ৪৫ বছর ধরে স্বামী, ২ কন্যা-সহ ভারতে থাকছেন পাকিস্তানের নাগরিক ফাতেমা বিবি

নিজস্ব প্রতিবেদন, চন্দননগর: দীর্ঘ ৪৫ বছর ধরে ভারতে স্বামী ও দুই কন্যা সন্তান নিয়ে বসবাস করে আসছেন চন্দননগরের কুঠির মাঠ এলাকার বাসিন্দা ফাতেমা বিবি (মল্লিক)। নাগরিকত্ব রয়েছে পাকিস্তানের তবে ভোট প্রয়োগ করে আসছেন ভারতে। তিনি যে ভারতীয় ভোটার তার প্রমাণ রয়েছে নির্বাচন কমিশনের লিস্টে। আর তার ভোটার হওয়া নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। সে এই দেশের ভোটার কীভাবে হল, সেই নিয়ে প্রশ্ন তুলছে রাজনৈতিক দলগুলো।

উল্লেখ্য, শনিবার হুগলি থেকে গ্রেপ্তার করা হয় পাকিস্তানি এক মহিলাকে। আদতে রওয়ালপিন্ডির বাসিন্দা ফতেমা বিবি গত ৪৫ বছর ধরে চন্দননগর কুঠির মাঠ এলাকায় থাকেন। তাঁর স্বামী-সন্তানও এ দেশে রয়েছেন। আর তাঁকে ঘিরে এখন রাজনৈতিক তরজা তুঙ্গে।

চন্দননগর পুরো নিগমের ডেপুটি মেয়র মুন্না আগারওয়াল জানান, ৪৫ বছর আগে এই বিষয়টি খোঁজখবর করা উচিত ছিল। তাঁর কথায়, '১৯৮০ সালে আমাদের সরকার ছিল না যারা ছিল তারা বলতে পারবে, কীভাবে ভোটার লিস্টে নাম উঠল। যেহেতু উনি ৪৫ বছর ধরে এখানে সংসার করছেন তাই ট্রাইবুনালে মানবিক দিক থেকে এর মীমাংসা করা হবে। মহিলার কোনও অবৈধ কার্যকলাপ নেই, সেই দিক থেকে মানবিক দৃষ্টিভঙ্গিতে সরকার বিবেচনা করবে। ১৯৮০ সালে যখন এসেছে বামফ্রন্ট সরকার ছিল, তারা বলতে পারবে। আধার কার্ড, ভোটার কার্ড কর্পোরেশনের কোনও বিষয় না এটা ভারত সরকার এবং নির্বাচন কমিশন বলতে পারবে।'

চন্দননগরের বিজেপি নেতা গোপাল চৌবের অবশ্য বক্তব্য, শুধু চন্দননগর না আশেপাশে উর্দিবাজার, চাঁপদানি, ভদ্রেশ্বর, বিলকুলিতে খুঁজলে অনেক পাক নাগরিক পাওয়া যাবে।

সিপিআইএম চন্দননগর কমিটির সম্পাদক ঐক্যতান দাশগুপ্ত বলেন, 'আমাদের দেশে ১৯৮৫ সাল থেকে ২০২৫ সাল পর্যন্ত একাধিক সরকারের পরিবর্তন হয়েছে। এটা রাজ্যের কোনও বিষয় না। দেশের স্বরাষ্ট্র দপ্তরের একটা বড় গাফিলতি থেকে গিয়েছে, যা তারা অস্বীকার করতে পারেন না। নিজেদের গাফিলতি রাজ্যের ঘাড়ে চাপিয়ে দিলে হয় না। রাজ্যকে নোটিফিকেশন দিলে সেই অনুযায়ী রাজ্য কাজ করে।'

শ্রীনগরে আটক এক পাক রেঞ্জার্স, এবার স্বামীর ফিরে আসার আশায় স্ত্রী রজনী সাউ

নিজস্ব প্রতিবেদন, রিষড়া: গত ২৩ এপ্রিল পঞ্জাবের ফিরোজপুর সীমান্তে কর্তব্যরত অবস্থায় পাক রেঞ্জার্সের হাতে আটক হন ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর ২৪ নম্বর ব্যাটেলিয়নের কনস্টেবল পূর্ণম। তিনি হুগলির রিষড়ার বাসিন্দা। শনিবার সকালে শ্রীনগরে এক পাক রেঞ্জার্সকে আটক করেছে বিএসএফ। আর এই আটকের খবর আশার আলো দেখছেন 'ভুল' করে পাকিস্তানের সীমান্ত অতিক্রম করে পাক রেঞ্জার্সের হাতে ধরা পড়া বিএসএফ জওয়ান পূর্ণমকুমার সাউয়ের পরিবার।

শনিবার পাক রেঞ্জার্সের সদস্য আটক হওয়ায়, এবার অন্তত পাকিস্তান এগিয়ে আসতে পারে বলে মনে করছেন পূর্ণমের স্ত্রী রজনী সাউ। রজনী অন্তঃসত্ত্বা। তার মধ্যেও স্বামীকে ফেরাতে সম্প্রতি পাঠানকোটে গিয়েছিলেন তিনি। সেখানে বিএসএফ-র সঙ্গে কথা হয়েছে তাঁর। তিনি জানান, পূর্ণমকে ফিরিয়ে আনার ব্যাপারে সব রকম চেষ্টা চলছে বলে বিএসএফের তরফে তাঁকে আশ্বস্ত করা হয়। কয়েকটা দিন ধৈর্য ধরতে বলা হয়। পূর্ণমের পরিবারের বক্তব্য, পাকিস্তান রেঞ্জার্সের সদস্য বিএসএফের হাতে ধরা পড়ার পর, এবার হয়তো পূর্ণমকে মুক্তি দেওয়ার ব্যাপারে আগ্রহ দেখাবে সেই দেশ। ১২ দিন ধরে পাকিস্তানে রয়েছেন বিএসএফ জওয়ান পূর্ণমকুমার সাউ। জওয়ানকে ছাড়ানোর ব্যাপারে পাকিস্তানের সঙ্গে বার বার ফ্ল্যাগ মিটিং করে ভারত। তবে তাঁকে ছাড়ার ব্যাপারে এখনও পর্যন্ত কোনও সদিচ্ছা দেখায়নি পাকিস্তান।

পূর্ণমের স্ত্রী জানিয়েছেন, ১২ দিন কেটে গেলেও তাঁদের কাছে কোনও খবর আসেনি। তবে বিএসএফের হাতে পাক রেঞ্জার্সের আটক হওয়ার খবর শুনে কিছুটা স্বস্তি পাচ্ছেন তিনি। রজনী মনে করছেন, এবার হয়তো নিজেদের দেশের সেনাকে ফেরাতে পূর্ণমকে ভারতে ফিরিয়ে দেবে পাকিস্তান। এর আগে ৭-৮ বার ফ্ল্যাগ মিটিংয়ে যে কাজ হয়নি, নিজেদের স্বার্থে এবার হয়ত পাকিস্তান সাড়া দেবে। কারণ, এবার তাদের স্বার্থ রয়েছে। তবে কয়েক দিন অপেক্ষা করে প্রয়োজনে দিল্লি গিয়ে বিএসএফের শীর্ষকর্তাদের সঙ্গে দেখা করবেন বলেও জানান রজনী।

আউশগ্রামের সাহেবডাঙায় সুস্বাস্থ্য কেন্দ্র নির্মাণে বাধা, হুমকির মুখে ঠিকাদার

প্রশাসনের নীরবতা নিয়ে প্রশ্ন

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: আউশগ্রাম ২ নম্বর ব্লকের ভাঙ্কী অঞ্চলের সাহেবডাঙা গ্রামে সরকারি সুস্বাস্থ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প ঘিরে চাঞ্চল্য ছড়ালো। আদিবাসী অধ্যুষিত ওই গ্রামে দ্বিতল ভবন নির্মাণের কাজ চলাকালীন ঠিকাদার সংস্থার কর্মীদের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। ঘটনায় থমকে গিয়েছে কাজের গতি। লুৎফর মণ্ডল নামের ঠিকাদার সংস্থার এক কর্মী আউশগ্রাম থানায় লিখিত অভিযোগ জানিয়েছেন বলে জানা গিয়েছে। প্রকল্পের জন্য বরাদ্দ ৩১ লক্ষ ৮৬ হাজার টাকা। ইতিমধ্যেই একতলার ছাদ ঢালাই শেষ। শনিবার রাতে স্থানীয় কয়েকজন ব্যক্তি ঠিকাদার সংস্থার কর্মীদের কাজ বন্ধ করতে বলে, এমনকী রবিবার সকাল ১০টার মধ্যে প্রকল্প এলাকা ছেড়ে সরঞ্জাম সরিয়ে নিতে হুমকিও দেওয়া হয়েছে বলে অভিযোগ। তা না হলে মারধরের ভয়ও দেখানো হয় বলে অভিযোগ। একটি ফোন কলের অডিও ক্লিপও ছড়িয়ে পড়েছে। তাতে একজনকে স্পষ্ট বলতে শোনা গিয়েছে, 'তোরা কাজ বন্ধ করে পালা।'

ঠিকাদার সংস্থার অভিযোগ, স্থানীয় মহল থেকে 'রফা'য় বসার প্রস্তাবও এসেছে। এতে ভীত হয়ে কর্মীরা প্রকল্প এলাকায় যেতে চাইছেন না। যদিও স্থানীয় বাসিন্দা স্বরূপ হেমব্রমের বক্তব্য, ঠিকাদারকে কাজের বৈধ নথি দেখাতে বলা হয়েছিল। যা তিনি দেখাতে পারেননি বলেই এই বিরোধ।

এই ঘটনার পর প্রশ্ন উঠেছে, সরকারি প্রকল্পে বাধা সৃষ্টির মতো গুরুতর বিষয়ে পুলিশ এখনও কেন সক্রিয় হয়নি। এমন হুমকির ফলে আদিবাসী এলাকায় স্বাস্থ্য পরিষেবা পৌঁছনোর লক্ষ্যে নেওয়া উদ্যোগে বড়সড় বাধা তৈরি হচ্ছে বলেই আশঙ্কা স্থানীয়দের। আউশগ্রাম ২ নম্বর ব্লকের বিডিও চিন্ময় দাস জানান, তিনি এখনও কোনও লিখিত অভিযোগ পাননি। তবে অভিযোগ পেলে খতিয়ে দেখে প্রশাসনের তরফে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে বলে আশ্বাস দিয়েছেন। এই ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত এবং অভিযুক্তদের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপের দাবি তুলেছে স্থানীয় বাসিন্দারা।

কারখানায় ইট, বালি, সিমেন্ট সাপ্লাই নিয়ে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: কারখানার ভেতরে ইট বালি সিমেন্ট দেবে কারা, এই নিয়ে দ্বন্দ্ব তৃণমূলের দুই গোষ্ঠীর। কাঁকসার বিরুডিহা সংলগ্ন একটি বেসরকারি কনস্ট্রাকশন কোম্পানিতে তৃণমূলেরই এক গোষ্ঠী সেখানে ইতিমধ্যে ইট বালি সিমেন্ট সাপ্লাই দিচ্ছে। অন্যদিকে স্থানীয় তৃণমূলের অপর এক গোষ্ঠী, তারাও দাবি করে তারাও ওই কারখানায় ইট বালি সিমেন্ট সাপ্লাই দেবে। গত কয়েকদিন আগে এই নিয়ে দুই গোষ্ঠীর মধ্যে দ্বন্দ্ব শুরু হয়। রবিবার সকাল থেকে তৃণমূলের এক গোষ্ঠী তৃণমূলের ঝান্ডা নিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করে। তৃণমূল কর্মীদের বিক্ষোভের জেরে কারখানা চত্বরে উত্তেজনার সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় কাঁকসা থানার বিশাল পুলিশ বাহিনী। ঘটনাস্থলে পৌঁছে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বিক্ষোভকারীদের অভিযোগ ইতিমধ্যে ওই কারখানায় তৃণমূলের ওপর এক গোষ্ঠী সেখানে ইট বালি সিমেন্ট দিচ্ছে। কিন্তু বিরুডিহা গ্রামের বেকার যুবকরা কোনো রকম সুযোগ-সুবিধা পাচ্ছে না। তারাও ওই কারখানায় বহুবার বিভিন্ন সামগ্রী সাপ্লাই দেওয়ার কথা জানালেও কারখানা কর্তৃপক্ষ বারবার টালবাহানা করে যাচ্ছে। তাই বাধ্য হয়ে তারা আন্দোলনের পথ বেছে নিয়েছেন। তারা জানিয়েছেন, এই বিষয়ে তারা দলের উর্ধ্বতন নেতা-নেত্রীদের জানিয়েছিলেন। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। তাই যতক্ষণ না এই বিষয়ে তাদের সমস্যার সমাধান হচ্ছে ততক্ষণ তারা আন্দোলন চালিয়ে যাবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন। যদিও এই বিষয়ে কারখানা কর্তৃপক্ষ কোনও রকম মন্তব্য করতে চাইনি সংবাদমাধ্যমের কাছে। কাঁকসা থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি সামাল দেওয়ার পাশাপাশি কারখানা কর্তৃপক্ষকে সঙ্গে নিয়ে দুই পক্ষের সঙ্গে কথা বলে যাতে সমস্যার সমাধান হয় এই বিষয়ে সকলকে থানায় নিয়ে গিয়ে আলোচনায় বসার আশ্বাস দিলে বিক্ষোভ উঠে যায়।

নজিরবিহীনভাবে সরকারি প্রকল্পের শিলান্যাস করলেন এক দিনমজুর

নিজস্ব প্রতিবেদন, অন্ডাল: জনপ্রতিনিধির পরিবর্তে সরকারি প্রকল্পের শিলান্যাস করলেন প্রবীণ দিনমজুর। নজিরবিহীন এই ঘটনার সাক্ষী থাকলেন উখরা পঞ্চায়েতের বাসিন্দারা। যাদের জন্য এই প্রকল্প তাদের হাত দিয়েই কাজের সূচনা হল বললেন জেলা পরিষদের সদস্যা।

শনিবার বিকেলে অন্ডাল ব্লকের উখরা গ্রাম পঞ্চায়েত এলাকার শফিক নগর ও মাঝ পাড়াতে দুটি সরকারি প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠান হল। জেলা পরিষদের আর্থিক সহায়তায় শফিক নগরে ঢালায় রাস্তা ও মাঝ পাড়াতে হাইড্রেন হবে। শনিবার বিকেলে এই দুটি প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠান হয়। উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্যা কৃষ্ণা বন্দ্যোপাধ্যায়, উখরা পঞ্চায়েতের প্রধান মিনা কোলে, প্রাক্তন উপপ্রধান রাজু মুখোপাধ্যায় ও স্থানীয় পঞ্চায়েত সদস্য চন্দ্রানী মুখার্জি শওকত আলি সহ অন্যরা। শফিকনগরে ঢালায় রাস্তাটি নির্মাণের জন্য খরচ হবে ৭ লক্ষ ৮ হাজার ৮৯ টাকা। অন্যদিকে মাঝপাড়ায় রাস্তার পাশে হাইড্রেন নির্মাণের জন্য বরাদ্দ হয়েছে ৬ লক্ষ ৯০ হাজার ৭০৩ টাকা।

সরকারি প্রকল্পের উদ্বোধন অথবা শিলান্যাস হয় সাধারণত জনপ্রতিনিধিদের হাত দিয়ে। কিন্তু মাঝ পাড়ায় হাইড্রেন নির্মাণের শিলান্যাসের ক্ষেত্রে ঘটল ব্যতিক্রম। নারকেল ফাটিয়ে কাজের সূচনা করলেন পাড়ার প্রবীণ বাসিন্দা নরেন বাউড়ি নামে এক প্রবীণ ব্যক্তি। নরেন বাবু বলেন, দিনমজুরি করে সংসার চলে। আমার হাত দিয়ে সরকারি কাজের সূচনা হল এই সম্মান আগে কেউ কখনও দেয়নি। জেলা পরিষদের সদস্যা কৃষ্ণা বন্দ্যোপাধ্যায় বলেন, সরকারি প্রকল্পে উন্নয়নের কাজ সাধারণ মানুষের জন্য তাই কাজের সূচনা করা হল পাড়ার প্রবীণ ব্যক্তির হাত দিয়ে। সব ক্ষেত্রে এমনটাই হওয়া উচিত বলে আমি মনে করি। পাশাপাশি কৃষ্ণা দেবী বলেন, মাঝ পাড়াতে (২০ নং সংসদ) নিকাশী নালা ছিল না। ফলে মূল রাস্তার উপর বর্ষার সময় নোংরা জল উপচে পড়ত। নালা নির্মাণ সম্পূর্ণ হলে সমস্যার স্থায়ী সমাধান হবে।

বর্ষা এলেই ভাসে ভাসাপুল, স্থায়ী সেতুর দাবিতে সরব ভেদিয়া

নিজস্ব প্রতিবেদন, আউশগ্রাম: আউশগ্রাম ২ নম্বর ব্লকের ভেদিয়া অঞ্চলের পোগ্রাম ও তেঁতুল দ্বীপের সংযোগস্থলে থাকা ভাসাপুল নিয়ে তীব্র ক্ষোভ ছড়িয়েছে স্থানীয়দের মধ্যে। বছর তিনেক আগে ভেঙে যাওয়া কংক্রিটের সেতুর স্থলে তৈরি অস্থায়ী হিউম পাইপ সেতু বর্ষা নামলেই কার্যত অচল হয়ে পড়ে। বৃষ্টি হলেই ওই সেতু জলের তলায় চলে যায়। যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে আশপাশের প্রায় ১০-১২টি গ্রামের মানুষ।

সেতুর অবস্থা এতটাই খারাপ যে, হিউম পাইপে বড় ফাটল তৈরি হয়ে যাওয়ায় যাত্রীবাহী বাস পর্যন্ত ঝুঁকি নিয়ে চলাচল করছে। বাসিন্দারা বারবার প্রশাসনের দ্বারস্থ হলেও স্থায়ী সমাধান হয়নি বলে অভিযোগ।

স্থানীয় বাসিন্দা শেখ নাসিরুল জানান, 'বহুবার প্রশাসনের কাছে বলেছি, দিদিকে বলতেও জানিয়েছি। কিন্তু কোনও কাজ হয়নি। এখন যেকোনও দিন বড়সড় দুর্ঘটনা ঘটতে পারে।'

এই পরিস্থিতিতে সাম্প্রতিক সময়ে সেতু পরিদর্শন করেছেন জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ইঞ্জিনিয়াররা, সঙ্গে ছিলেন সেচ দপ্তর ও আউশগ্রাম ২ ব্লকের ইঞ্জিনিয়াররা। গুসকরা সার্কেলের সেচ দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার সামসুল হক জানান, জায়গাটি তাঁদের দপ্তরের আওতায় না হলেও সংশ্লিষ্ট বিভাগে বিষয়টি জানানো হবে।

ব্লকের বিডিও চিন্ময় দাস জানিয়েছেন, সেতু নির্মাণের কাজ যৌথভাবে করবে এসআরডিএ, জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ এবং সেচ দপ্তর। তবে স্থানীয়দের আশঙ্কা, আশ্বাস মিললেও কাজের দেখা মেলে না। বর্ষা যত এগিয়ে আসছে, ততই বাড়ছে ভয়ের আশঙ্কা। তাঁদের দাবি, অবিলম্বে একটি পূর্ণাঙ্গ কংক্রিটের সেতু তৈরি করে জনজীবনের নিরাপত্তা নিশ্চিত করুক প্রশাসন।

পাকিস্তানিদের অবিলম্বে ফেরত পাঠাতে হবে : সৌমিত্র খাঁ

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: এ দেশের শান্তি নষ্টের চেষ্টা করছে পাকিস্তান, পহেলগাঁও-র ঘটনা যথেষ্ট নিন্দনীয়- বললেন বিষ্ণুপুরের বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ। রবিবার দলের বিষ্ণুপুর সাংগঠনিক জেলা কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি আরও বলেন, এদেশে থাকা সমস্ত পাকিস্তানিদের অবিলম্বে ফেরত পাঠাতে হবে। একই সঙ্গে বিবাহ সূত্রে আসা মহিলাদেরও বাদ দিলে চলবে না। কেন্দ্রীয় সরকার এবিষয়ে সদর্থক ভূমিকা নিলেও এরাজ্যের সরকারের ভূমিকা সন্তোষজনক নয়। সোমবার দলের পক্ষ থেকে এবিষয়ে তাঁরা অবস্থান কর্মসূচি পালন করবেন বলে তিনি জানান। বিষ্ণুপুর সাংগঠনিক জেলা বিজেপি সভাপতি সুজিত অগস্থীর দাবি, এরাজ্যে বসবাসকারী পাকিস্তানের চিহ্নিতকরণের কাজ হয়নি। তাদের 'দুধেল গাই' আখ্যা দিয়ে সুজিত অগস্থীর দাবি, তারা প্রত্যেকেই তৃণমূলের ভোটার। এই অবস্থায় আগামীকাল নির্দিষ্ট দাবিতে বিষ্ণুপুর মহকুমা শাসকের দপ্তরে তারা অবস্থান কর্মসূচি ও ডেপুটেশন দেবেন বলে তিনি জানান।

STATE FISHERIES DEVELOPMENT CORPORATION LIMITED

SFDCL invites e-tender from eligible bidder against NIT's vide.No.SFDC/MD/NIT/Inland/2025-26/43(e) regarding "Supply of Guppy Fish at Urban Local Bodies, Development Authorities and Blocks under various districts of West Bengal for Financial Year 2025-26". Bid submission start & end date for the tender are 05.05.2025 & 27.05.2025 respectively. For details visit: wbtenders.gov.in

PADMALAYA CO-OPERATIVE HOUSING SOCIETY LTD
Regd. No. -76RTAH/HG,
Dated: - 06/04/2023

Plot no: AA-IIIG/1718, New Town Padmalaya Co-operative Housing Society Ltd., intend to build one G+4 storied building on plot no. AA-IIIG/1718, Premises no.:-14-0880, New Town, Kolkata, North 24 Parganas, Barasat Sadar, Pin code-700161 for which the said society inviting the application and desires to appoint one bona-fide Architect (Consultant Firm) and one developer (Construction Firm) for building construction as per rules and regulations of Co-operative Society and HIDCO. Application with as an offer is to be submitted to the e- mail (padmalaya3g1718@gmail.com) of under signed within 7 days from publication date.

Sd/-
Biplab Bhowmik
Secretary
Padmalaya Co-Operative Housing Society Ltd

ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY
Asansol Office: Vivekananda Sarani, (Sen-Raliegh Road), Near Kalyanpur Housing Road, Asansol - 713305

E-NIT No.- ADDA/ASN/ED/N-05 of 2025-2026 Dated. 02.05.2025
Executive Engineer (Electrical), ADDA, Asansol invite Online percentage rate Tender (Two Bid System in two Parts) in Authority's Contract Form from reliable, resourceful and experienced electrical license holder Contractors; for other details visit our website: **wbtenders.gov.in**, **www.addaonline.in** or ADDA office, Asansol.
Sd/- E.E.(Elect.), ADDA

হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন
৪, মহাত্মা গান্ধি রোড, হাওড়া - ৭১১১০১
ফোন : (+৯১-৩৩) ২৬৩৮-৩২১১-১৩ ফ্যাক্স : (+৯১-৩৩) ২৬৪১-২৬১৩
অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট

NO : 62/AD/25-26 তারিখ : ২৪.০৪.২০২৫

টেন্ডার নোটিশ (১ম ডাক)

কন্ট্রোলার অব ফিনান্স, হাওড়া পৌর নিগম- ০১.০৪.২০২৫ থেকে ৩১.০৩.২০৩০ (আর্থিক বর্ষ ২০২৫-২৬ থেকে আর্থিক বর্ষ ২০২৯-৩০) মেয়াদে এইচএমসিতে আয়কর কনসালট্যান্টস নিয়োগের জন্য সরকারি প্রত্যক্ষ/পরোক্ষ কর/ এক বছরের মেয়াদে স্থানীয় স্বায়ত্ব সরকারি সংস্থায় কাজের অভিজ্ঞতালব্ধ প্রখ্যাত সঙ্গতিপন্ন এবং প্রতিষ্ঠিত কনসালট্যান্টদের কাছ থেকে নির্ধারিত ফর্মে ই-টেন্ডার আহ্বান করছেন। সংশ্লিষ্ট তথ্য বিস্তারিত পাওয়া যাবে ই-টেন্ডার নোটিশ এবং বিভাগীয় ওয়েবসাইট **www.wbtenders.gov.in** থেকে। টেন্ডার দাখিলের শেষ তারিখ(অনলাইন) ১৩.০৫.২০২৫ বিকেল ৫ টা পর্যন্ত। এইচএমসি কর্তৃপক্ষ কোনও কারণ না দেখিয়েই যেকোনও আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার রাখেন।

২৬(২)/২৫-২৬
৩.৫.২৫

সেক্রেটারি
হাওড়া পৌর নিগম

ফর্ম জি
স্পাইসি এন্টারটেনমেন্ট অ্যান্ড মিডিয়া লিমিটেড -এর জন্য আগ্রহ প্রকাশক ডাক আহ্বান
ফিল্ম প্রোডাকশন, স্টুডিও সেট আপ ইত্যাদি ব্যবসায় নিযুক্তকারী
(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনসের রেগুলেশন ৩৬এ (১) অধীনে)

ক্রম	সংশ্লিষ্ট বিস্তারিত	
১.	প্যান/সিন/এলএলপি নং সহ কর্পোরেট ডেটরের নাম	**স্পাইসি এন্টারটেনমেন্ট অ্যান্ড মিডিয়া লিমিটেড** PAN : AACCL3789N CIN : L22219WB2012PLC188312
২.	রেজিস্টার্ড অফিসের ঠিকানা	অফিস নং ১২, ব্লক এ৩, গ্যাঞ্জেস গার্ডেন, প্রেমিসেস নং ১০৬ কাউস ঘাট রোড, শিবপুর, এইচএমসি ওয়ার্ড নং ৩৬, হাওড়া, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত ৭১১১০২
৩.	ওয়েবসাইটের ইউআরএল	https://spiceent.com/
৪.	যেখানে অধিকাংশ স্থায়ী সম্পদ অবস্থিত	নেই
৫.	প্রধান পণ্য/পরিষেবা উৎপাদন ক্ষমতা	নেই
৬.	বিগত আর্থিক বর্ষে প্রধান পণ্য/ পরিষেবা বিক্রির পরিমাণ এবং মূল্য	২০২৩-২৪ আর্থিক বর্ষে কর্পোরেট ডেটরের লেনদেনের পরিমাণ ২,১৭৩ লাখ টাকা
৭.	কর্মী/কাজের লোকের সংখ্যা	কর্পোরেট ডেটরের কোন কর্মী নেই
৮.	বিগত দুই বছরের, বিনিয়োগকারীগণের তালিকা, প্রক্রিয়াগত সংশ্লিষ্ট (শিডিউলড সহ) প্রাপ্ত আর্থিক প্রতিবেদন সহ পরবর্তী, সংশ্লিষ্ট পরবর্তী প্রক্রিয়ার তারিখ পাওয়া যাবে	বিস্তারিত পাওয়া যাবে আরপি-নিকট ইমেল পাঠিয়ে : ইমেল আইডি spicyentertainment.cirp@gmail.com
৯.	প্রস্তাবক আবেদনকারীগণের যোগ্যতার বিষয় পাওয়া যাবে সংশ্লিষ্ট কোডের ধারা ২৫(২)(এইচ) অধীনে	বিস্তারিত পাওয়া যাবে আরপি-নিকট ইমেল পাঠিয়ে : spicyentertainment.cirp@gmail.com
১০.	আগ্রহ প্রকাশক আহ্বান গ্রহণের শেষ তারিখ	২০.০৫.২০২৫
১১.	সম্ভাব্য প্রস্তাবক আবেদনকারীগণের সাময়িক তালিকা ইস্যুর তারিখ	২৪.০৫.২০২৫
১২.	সাময়িক তালিকার বিষয়ে আপত্তি দাখিলের শেষ তারিখ	২৯.০৫.২০২৫
১৩.	সম্ভাব্য প্রস্তাব আবেদনকারীগণের চূড়ান্ত তালিকা ইস্যুর তারিখ	০৪.০৬.২০২৫
১৪.	মেমোর‍্যান্ডাম, মূল্যায়ণ ম্যাট্রিক্স এবং প্রস্তাব পরিকল্পনা অনুরোধ ইস্যুর তারিখ সম্ভাব্য প্রস্তাব আবেদকারীগণের নিকট	০৪.০৬.২০২৫
১৫.	রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ	০৪.০৭.২০২৫
১৬.	ইওআই দাখিলের প্রক্রিয়া ইমেল আইডি	spicyentertainment.cirp@gmail.com

- আগ্রহ প্রকাশক আহ্বান এবং সময়সীমা উক্ত মতে সম্প্রসারণ সাপেক্ষ যেহেতু মাননীয় এনসিএলটি কলকাতা বেঞ্চ সমীপে আরপি কর্তৃক সিওসি এর অনুরোধক্রমে আবেদন দাখিল করার জন্য।
- বিএসই নিকট তালিকাভুক্ত কর্পোরেট ডেটরের ইক্যুইটি শেয়ারসমূহ এবং বিএসই কর্পোরেট ডেটরের তালিকাবিমুক্ত করেছে। বিএসই-র তালিকাবিমুক্তির নির্দেশের বিরুদ্ধে কর্পোরেট ডেটর মাননীয় এসএটি এর নিকট আবেদনের সিদ্ধান্ত নিয়েছে, যার ফলে মাননীয় এসএটি নির্দেশ স্থগিত রেখেছেন।

তারিখ : ০৫.০৫.২০২৫
স্থান : মুম্বই

দীপক সারুপারিয়া
স্পাইসি এন্টারটেনমেন্ট অ্যান্ড মিডিয়া লিমিটেড এর
প্রস্তাব পেশাদার বিষয় সম্পর্কিত
রেজি নং IBBI/IPA-001/IP-P00660/2017-2018/11689
চুক্তির অনুমোদনের বৈধতা ৩০.০৬.২০২৬ পর্যন্ত

পঞ্জাব নেশনাল ব্যাঙ্ক punjab national bank

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
[রুল ৮(১)]

সার্কেল সত্র মুর্শিদাবাদ, ২৬/১১, শহীদ সূর্য সেন রোড
পোস্ট-বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, (পঃবঃ), ই-মেইল : cs8283@pnb.co.in

যেহেতু,
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীন এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৩ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩ অধীনে অর্পিত ক্ষমতাবলে উল্লিখিত প্রতিটি অ্যাকাউন্টের বিরুদ্ধে দাবি বিজ্ঞপ্তি(সমূহ) প্রদান করে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/গণকে আহ্বান জানিয়ে প্রতিটি অ্যাকাউন্টের বিরুদ্ধে উল্লিখিত টাকার অঙ্ক উক্ত বিজ্ঞপ্তি(সমূহ)-র তারিখ/বিজ্ঞপ্তি(সমূহ) গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের ভিতর ফেরত পরিশোধ করতে বলেন।
ঋণগ্রহীতাগণ টাকার অঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, বিশেষভাবে ঋণগ্রহীতাকে ও কমনভাবে জনগণকে এতদ্দ্বারা জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে উল্লিখিত সম্পত্তির দখল নিয়েছেন, সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২ -এর রুল ৮ -এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৪) অধীনে তাঁর (পুং/স্ত্রী) উপর অর্পিত ক্ষমতাবলে, নীচে উল্লিখিত তারিখে।
ঋণগ্রহীতাগণ/জামিনদারগণ/ বন্ধকদাতাগণের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে সারফেইসি অ্যাক্টের সেকশন (১৩)-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হওয়ার প্রাপ্তব্য সময়ের ব্যাপারে।
বিশেষভাবে ঋণগ্রহীতাগণকে ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি/সমূহ নিয়ে কোনওপ্রকার লেনদেন না করেন এবং এই সম্পত্তি/সমূহ নিয়ে কোনওপ্রকার লেনদেনে উল্লিখিত টাকার অঙ্ক এবং তদুপরি সুদ পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর ধার্য সাপেক্ষ হবে।

ক্র. নং.	ক) অ্যাকাউন্টের নাম খ) শাখার নাম	খ) বহরমপুর শাখা বন্ধক রাখা সম্পত্তির বিবরণ	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) দাবি বিজ্ঞপ্তির তারিখে বকেয়া পরিমাণ
১.	ক) বিপ্লব পাল (ঋণগ্রহীতা) এবং বিকেন্দ্র কুমার পাল (জামিনদার) খ) বহরমপুর শাখা	সাইদাবাদ মৌজায় অবস্থিত বিপ্লব কুমার পাল এবং বিকেন্দ্র কুমার পালের নামে কমবেশি ০.৫ ডেসিমেল পরিমাপের আবাসিক সম্পত্তির ন্যায়সঙ্গত বন্ধক যার প্লট নং আর.এস. ২০৩৬/৪৪১০ এবং এল.আর. ৪০২০, খতিয়ান নং এল.আর. ১৫১৬২, ১৫১৬০, ১৫১৬৩, জে.এল. নং ১০০ , থানা-বহরমপুর, জেলা- মুর্শিদাবাদ। **চৌহদ্দি:** উত্তরে- মানিক রায়ের বাড়ি, দক্ষিণে- সুলেখা সাহার বাড়ি, পূর্বে- পি.সি.সি.রোড, পশ্চিমে- তাপস সাহার বাড়ি দ্বারা।